**একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭

**প্রশাসন-১ শাখা**

www.bpsc.gov.bd

নথি নম্বর : ৮০.০০.০০০০.৪০১.৩৫.০৪৬.১৭-৪২

তারিখ : ২৬ পৌষ ১৪৩০ / ১০ জানুয়ারি ২০২৪

## অফিস আদেশ

বিগত ০৭ ডিসেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ১১তম বিশেষ সভার সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মাধ্যমে পূরণযোগ্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের নন-ক্যাডার টেকনিক্যাল/প্রফেশনাল ও নন-টেকনিক্যাল ৯ম এবং ১০ম থেকে ১৩তম গ্রেড পদে নিয়োগ পরীক্ষার নীতিমালা সংশোধন ও অধিকতর যুগোপযোগী করার বিষয়ে কর্ম কমিশন কর্তৃক গঠিত কমিটির সুপারিশের ভিত্তিতে কমিশন নিম্নরূপ নন-ক্যাডার টেকনিক্যাল/প্রফেশনাল ও নন-টেকনিক্যাল ৯ম এবং ১০ম থেকে ১৩তম গ্রেড পদে নিয়োগ পরীক্ষার নীতিমালা এবং বিষয়ভিত্তিক সিলেবাস প্রণয়ন করলেন, যথা :

### নন-ক্যাডার ৯ম এবং ১০ম থেকে ১৩তম গ্রেড পদে নিয়োগ পরীক্ষা নীতিমালা-২০২৩

১.০ টেকনিক্যাল/প্রফেশনাল পদের ক্ষেত্রে পরীক্ষা পদ্ধতি :

১.১ ৯ম গ্রেডের টেকনিক্যাল/প্রফেশনাল পদ :

১.১.১ ৯ম গ্রেডের টেকনিক্যাল/প্রফেশনাল পদের ক্ষেত্রে যাচিত শূন্য পদে প্রার্থীর সংখ্যা ১০০০ বা তার কম সংখ্যক হলে অনলাইনে রেজিস্ট্রেশনের পর ১.১.১.১ ক্রমিকে বর্ণিত বিষয়সমূহে ২০০ নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।

১.১.১.১ লিখিত পরীক্ষার বিষয়সমূহ, নম্বর বণ্টন, পাশ নম্বর ও পরীক্ষার সময় হবে নিম্নরূপ :

| ক্রমিক | বিষয় | নম্বর | পাশ নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ১. | বাংলা | ৪০ | বাংলা, ইংরেজি এবং সাধারণ জ্ঞান প্রতিটি বিষয়ের জন্য পৃথক পৃথকভাবে ৩০%; টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ে ৪৫% এবং সামগ্রিকভাবে ৫০%। | ৪ ঘণ্টা |
| ২. | ইংরেজি | ৪০ | | |
| ৩. | সাধারণ জ্ঞান | ৪০ | | |
| ৪. | প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয় | ৮০ | | |
| | সর্বমোট | ২০০ | | |

১.১.২ ৯ম গ্রেডের টেকনিক্যাল/প্রফেশনাল পদের ক্ষেত্রে যাচিত শূন্য পদে প্রার্থীর সংখ্যা ১০০১ থেকে তদূর্ধ্ব সংখ্যক হলে বাছাই (MCQ) পরীক্ষা গ্রহণ করা হবে।

১.১.২.১ বাছাই (MCQ) পরীক্ষার বিষয়সমূহ, নম্বর বন্টন ও পরীক্ষার সময় হবে নিম্নরূপ :

| ক্রমিক | বিষয় | নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|
| ১. | বাংলা | ২০ | ১ ঘণ্টা |
| ২. | ইংরেজি | ২০ | |
| ৩. | সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি) | ২০ | |
| ৪. | প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয় | ৪০ | |
| | সর্বমোট | ১০০ | |

১.১.২.২ বাছাই (MCQ) পরীক্ষার ফলাফল প্রকাশের পূর্ব পর্যন্ত যাচিত শূন্য পদের সংখ্যা ১০০ এর অধিক সংখ্যক হলে বাছাই (MCQ) পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্য থেকে মোট যাচিত শূন্য পদ সংখ্যার ১০ গুণ প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবে।

১.১.২.৩ বাছাই (MCQ) পরীক্ষার ফলাফল প্রকাশের পূর্ব পর্যন্ত যাচিত শূন্য পদের সংখ্যা ১০০ এর কম সংখ্যক হলে যাচিত শূন্য পদের সংখ্যা বিবেচনা করে কেস টু কেস বাছাই (MCQ) পরীক্ষার কাট-অফ মার্ক (Cut-off mark) নির্ধারণ করা হবে।

১.১.৩ বাছাই (MCQ) পরীক্ষায় প্রার্থীগণ প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ নম্বর প্রাপ্ত হবেন; প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে।

১.১.৪ বাছাই (MCQ) পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের উপযুক্ততা এবং কৃতকার্যতা নির্ধারণে কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১.১.৫ বাছাই (MCQ) পরীক্ষায় উত্তীর্ণ বিবেচিত প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।

ক্রমশ/২

১.১.৫.১ লিখিত পরীক্ষার বিষয়সমূহ, নম্বর বন্টন, পাশ নম্বর ও পরীক্ষার সময় হবে নিম্নরূপ :

| ক্রমিক | বিষয় | নম্বর | পাশ নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ১. | বাংলা | ৪০ | বাংলা, ইংরেজি এবং সাধারণ জ্ঞান প্রতিটি বিষয়ের জন্য পৃথক পৃথকভাবে ৩০%; টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ে ৪৫% এবং সামগ্রিকভাবে ৫০%। | ৪ ঘণ্টা |
| ২. | ইংরেজি | ৪০ | | |
| ৩. | সাধারণ জ্ঞান | ৪০ | | |
| ৪. | প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয় | ৮০ | | |
| | সর্বমোট | ২০০ | | |

১.১.৬ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এবং মৌখিক পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষার পূর্বে (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার পরে) Applicant's Copy (Online Form) গ্রহণ করা হবে।

১.১.৭ মৌখিক পরীক্ষার নম্বর এবং পাশ নম্বর হবে নিম্নরূপ :

| ক্রমিক | বিষয় | নম্বর | পাশ নম্বর |
|---|---|---|---|
| ১. | ৯ম গ্রেড (টেকনিক্যাল/প্রফেশনাল) | ১০০ | ৫০% |

১.১.৮ প্রার্থীকে লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় পৃথক পৃথকভাবে পাশ করতে হবে। অন্যথায় প্রার্থী সার্বিকভাবে অকৃতকার্য বিবেচিত হবেন।

১.২ ১০ম, ১১তম, ১২তম ও ১৩তম গ্রেডের টেকনিক্যাল/প্রফেশনাল পদ :

১.২.১ ১০ম, ১১তম, ১২তম ও ১৩তম গ্রেডের টেকনিক্যাল/প্রফেশনাল পদের ক্ষেত্রে যাচিত শূন্য পদে প্রার্থীর সংখ্যা ১০০০ বা তার কম সংখ্যক হলে অনলাইনে রেজিস্ট্রেশনের পর ১.২.১.১ ক্রমিকে বর্ণিত বিষয়সমূহে ২০০ নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।

১.২.১.১ লিখিত পরীক্ষার বিষয়সমূহ, নম্বর বন্টন, পাশ নম্বর ও পরীক্ষার সময় হবে নিম্নরূপ :

| ক্রমিক | বিষয় | নম্বর | পাশ নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ১. | বাংলা | ৪০ | বাংলা, ইংরেজি এবং সাধারণ জ্ঞান প্রতিটি বিষয়ের জন্য পৃথক পৃথকভাবে ২৫%; টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ে ৪০% এবং সামগ্রিকভাবে ৪৫%। | ৪ ঘণ্টা |
| ২. | ইংরেজি | ৪০ | | |
| ৩. | সাধারণ জ্ঞান | ৪০ | | |
| ৪. | প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয় | ৮০ | | |
| | সর্বমোট | ২০০ | | |

১.২.২ ১০ম, ১১তম, ১২তম ও ১৩তম গ্রেডের টেকনিক্যাল/প্রফেশনাল পদের ক্ষেত্রে যাচিত শূন্য পদে প্রার্থীর সংখ্যা ১০০১ থেকে তদূর্ধ্ব সংখ্যক হলে বাছাই (MCQ) পরীক্ষা গ্রহণ করা হবে।

১.২.২.১ বাছাই (MCQ) পরীক্ষার বিষয়সমূহ, নম্বর বণ্টন ও পরীক্ষার সময় হবে নিম্নরূপ :

| ক্রমিক | বিষয় | নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|
| ১. | বাংলা | ২০ | ১ ঘণ্টা |
| ২. | ইংরেজি | ২০ | |
| ৩. | সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি) | ২০ | |
| ৪. | প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয় | ৪০ | |
| | সর্বমোট | ১০০ | |

১.২.২.২ বাছাই (MCQ) পরীক্ষার ফলাফল প্রস্তুতের পূর্ব পর্যন্ত যাচিত শূন্য পদের সংখ্যা ১০০ এর অধিক সংখ্যক হলে বাছাই (MCQ) পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্য থেকে মোট যাচিত শূন্য পদ সংখ্যার ১০ গুণ প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবে।

১.২.২.৩ বাছাই (MCQ) পরীক্ষার ফলাফল প্রস্তুতের পূর্ব পর্যন্ত যাচিত শূন্য পদের সংখ্যা ১০০ এর কম সংখ্যক হলে যাচিত শূন্য পদের সংখ্যা বিবেচনা করে কেস টু কেস বাছাই (MCQ) পরীক্ষার কাট-অফ মার্ক (Cut-off mark) নির্ধারণ করা হবে।

১.২.৩ বাছাই (MCQ) পরীক্ষায় প্রার্থীগণ প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ নম্বর পাবেন; প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে।

১.২.৪ বাছাই (MCQ) পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের উপযুক্ততা এবং কৃতকার্যতা নির্ধারণে কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ক্রমশ/৩

১.২.৫ বাছাই (MCQ) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।

১.২.৫.১ লিখিত পরীক্ষার বিষয়সমূহ, নম্বর বণ্টন, পাশ নম্বর ও পরীক্ষার সময় হবে নিম্নরূপ :

| ক্রমিক | বিষয় | নম্বর | পাশ নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ১. | বাংলা | ৪০ | বাংলা, ইংরেজি এবং সাধারণ জ্ঞান প্রতিটি বিষয়ের জন্য পৃথক পৃথকভাবে ২৫%; টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ে ৪০% এবং সামগ্রিকভাবে ৪৫% । | ৪ ঘণ্টা |
| ২. | ইংরেজি | ৪০ | | |
| ৩. | সাধারণ জ্ঞান | ৪০ | | |
| ৪. | প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয় | ৮০ | | |
| | সর্বমোট | ২০০ | | |

১.২.৬ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এবং মৌখিক পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষার পূর্বে (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার পরে) Applicant's Copy (Online Form) গ্রহণ করা হবে।

১.২.৭ মৌখিক পরীক্ষার নম্বর এবং পাশ নম্বর হবে নিম্নরূপ :

| ক্রমিক | বিষয় | নম্বর | পাশ নম্বর |
|---|---|---|---|
| ১. | ১০ম, ১১তম, ১২তম ও ১৩তম গ্রেড (টেকনিক্যাল/প্রফেশনাল) | ৫০ | ৫০% |

১.২.৮ প্রার্থীকে লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় পৃথক পৃথকভাবে পাশ করতে হবে। অন্যথায় প্রার্থী সার্বিকভাবে অকৃতকার্য বিবেচিত হবেন।

২.০ নন-টেকনিক্যাল পদের ক্ষেত্রে পরীক্ষা পদ্ধতি :

২.১ ৯ম গ্রেডের নন-টেকনিক্যাল পদ

২.১.১ ৯ম গ্রেডের নন-টেকনিক্যাল পদের ক্ষেত্রে যাচিত শূন্য পদসংখ্যা নির্বিশেষে আবেদনকারী প্রার্থীর সংখ্যা ১০০০ বা তার কম সংখ্যক হলে অনলাইনে রেজিস্ট্রেশনের পর ২.১.১.১ ক্রমিকে বর্ণিত বিষয়সমূহে ২০০ নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।

২.১.১.১ লিখিত পরীক্ষার বিষয়সমূহ, নম্বর বণ্টন, পাশ নম্বর ও পরীক্ষার সময় হবে নিম্নরূপ :

| ক্রমিক | বিষয় | নম্বর | পাশ নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ১. | বাংলা | ৫০ | বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং গণিত ও মানসিক দক্ষতা বিষয়ের জন্য পৃথক পৃথকভাবে ৩০%; এবং সামগ্রিকভাবে পাশ নম্বর ৫০% । | ৪ ঘণ্টা |
| ২. | ইংরেজি | ৫০ | | |
| ৩. | সাধারণ জ্ঞান | ৪০ | | |
| ৪. | গণিত ও মানসিক দক্ষতা | ৬০ | | |
| | সর্বমোট | ২০০ | | |

২.১.২ ৯ম গ্রেডের নন-টেকনিক্যাল পদে প্রার্থীর সংখ্যা ১০০১ থেকে তদূর্ধ্ব সংখ্যক হলে বাছাই (MCQ) পরীক্ষা গ্রহণ করা হবে।

২.১.২.১ বাছাই (MCQ) পরীক্ষার বিষয়সমূহ, নম্বর বণ্টন ও পরীক্ষার সময় হবে নিম্নরূপ :

| ক্রমিক | বিষয় | নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|
| ১. | বাংলা | ২৫ | ১ ঘণ্টা |
| ২. | ইংরেজি | ২৫ | |
| ৩. | সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি) | ২৫ | |
| ৪. | গণিত ও দৈনন্দিন বিজ্ঞান | ২৫ | |
| | সর্বমোট | ১০০ | |

২.১.২.২ বাছাই (MCQ) পরীক্ষার ফলাফল প্রস্তুতের পূর্বে পর্যন্ত যাচিত শূন্য পদের সংখ্যা ১০০ এর অধিক সংখ্যক হলে বাছাই (MCQ) পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্য থেকে মেধাক্রম অনুসারে যাচিত শূন্য পদ সংখ্যার ১০ গুণ প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবে।

২.১.২.৩ বাছাই (MCQ) পরীক্ষার ফলাফল প্রস্তুতের পূর্ব পর্যন্ত যাচিত শূন্য পদ সংখ্যা ১০০ এর কম সংখ্যক হলে, যাচিত শূন্য পদ সংখ্যা বিবেচনা করে কেস টু কেস বাছাই (MCQ) পরীক্ষার কাট-অফ মার্ক (Cut-off mark) নির্ধারণ করা হবে।

ক্রমশ/৪

২.১.৩ বাছাই (MCQ) পরীক্ষায় প্রার্থীগণ প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ নম্বর প্রাপ্ত হবেন; প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে।

২.১.৪ বাছাই (MCQ) পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের উপযুক্ততা এবং কৃতকার্যতা নির্ধারণে কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২.১.৫ বাছাই (MCQ) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।

২.১.৫.১ লিখিত পরীক্ষার বিষয়সমূহ, নম্বর বণ্টন, পাশ নম্বর ও পরীক্ষার সময় হবে নিম্নরূপ :

| ক্রমিক | বিষয় | নম্বর | পাশ নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ১. | বাংলা | ৫০ | বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং গণিত ও মানসিক দক্ষতা বিষয়ের জন্য পৃথক পৃথকভাবে ৩০%; এবং সামগ্রিকভাবে পাশ নম্বর ৫০%। | ৪ ঘণ্টা |
| ২. | ইংরেজি | ৫০ | | |
| ৩. | সাধারণ জ্ঞান | ৪০ | | |
| ৪. | গণিত ও মানসিক দক্ষতা | ৬০ | | |
| | সর্বমোট | ২০০ | | |

২.১.৬ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এবং মৌখিক পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষার পূর্বে (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার পরে) Applicant's Copy (Online Form) গ্রহণ করা হবে।

২.১.৭ মৌখিক পরীক্ষার নম্বর এবং পাশ নম্বর হবে নিম্নরূপ :

| ক্রমিক | বিষয় | নম্বর | পাশ নম্বর |
|---|---|---|---|
| ১. | ৯ম গ্রেড (নন টেকনিক্যাল) | ১০০ | ৫০% |

২.১.৮ প্রার্থীকে লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় পৃথক পৃথকভাবে পাশ করতে হবে। অন্যথায় প্রার্থী সার্বিকভাবে অকৃতকার্য বিবেচিত হবেন।

২.২ ১০ম, ১১তম, ১২তম ও ১৩তম গ্রেডের নন-টেকনিক্যাল পদ :

২.২.১ ১০ম, ১১তম, ১২তম ও ১৩তম গ্রেডের নন-টেকনিক্যাল পদের ক্ষেত্রে যাচিত শূন্য পদসংখ্যা নির্বিশেষে প্রার্থীর সংখ্যা ১০০০ বা তার কম সংখ্যক হলে অনলাইনে রেজিস্ট্রেশনের পর ২.২.১.১ ক্রমিকে বর্ণিত বিষয়সমূহে ২০০ নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।

২.২.১.১ লিখিত পরীক্ষার বিষয়সমূহ, নম্বর বণ্টন, পাশ নম্বর ও পরীক্ষার সময় হবে নিম্নরূপ :

| ক্রমিক | বিষয় | নম্বর | পাশ নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ১. | বাংলা | ৫০ | বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং গণিত ও মানসিক দক্ষতা প্রতিটি বিষয়ের জন্য পৃথক পৃথকভাবে ২৫% এবং সামগ্রিকভাবে ৪৫%। | ৪ ঘণ্টা |
| ২. | ইংরেজি | ৫০ | | |
| ৩. | সাধারণ জ্ঞান | ৪০ | | |
| ৪. | গণিত ও মানসিক দক্ষতা | ৬০ | | |
| | সর্বমোট | ২০০ | | |

২.২.২ ১০ম, ১১তম, ১২তম ও ১৩তম গ্রেডের নন-টেকনিক্যাল পদের ক্ষেত্রে যাচিত শূন্য পদে প্রার্থীর সংখ্যা ১০০১ থেকে তদূর্ধ্ব সংখ্যক হলে বাছাই (MCQ) পরীক্ষা গ্রহণ করা হবে।

২.২.২.১ বাছাই (MCQ) পরীক্ষার বিষয়সমূহ, নম্বর বণ্টন ও পরীক্ষার সময় হবে নিম্নরূপ :

| ক্রমিক | বিষয় | নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|
| ১. | বাংলা | ২৫ | ১ ঘণ্টা |
| ২. | ইংরেজি | ২৫ | |
| ৩. | সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি) | ২৫ | |
| ৪. | গণিত ও দৈনন্দিন বিজ্ঞান | ২৫ | |
| | সর্বমোট | ১০০ | |

ক্রমশ/৫

২.২.২.২ বাছাই (MCQ) পরীক্ষার ফলাঁফল প্রস্তুতের পূর্বে পর্যন্ত যাচিত শূন্য পদের সংখ্যা ১০০ এর অধিক সংখ্যক হলে বাছাই (MCQ) পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্য থেকে মেধাক্রম অনুসারে শূন্য পদ সংখ্যার ১০ গুণ প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবে।

২.২.২.৩ বাছাই (MCQ) পরীক্ষার ফলাফল প্রস্তুতের পূর্ব পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী যাচিত শূন্য পদের সংখ্যা ১০০ এর কম সংখ্যক হলে যাচিত শূন্য পদের সংখ্যা বিবেচনা করে কেস টু কেস বাছাই (MCQ) পরীক্ষার কাট-অফ মার্ক (Cut-off mark) নির্ধারণ করা হবে।

২.২.৩ বাছাই (MCQ) পরীক্ষার প্রার্থীগণ প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ নম্বর প্রাপ্ত হবেন; প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে।

২.২.৪ বাছাই (MCQ) পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের উপযুক্ততা এবং কৃতকার্যতা নির্ধারণে কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২.২.৫ বাছাই (MCQ) পরীক্ষায় উত্তীর্ণ বিবেচিত প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।

২.২.৫.১ লিখিত পরীক্ষার বিষয়সমূহ, নম্বর বণ্টন, পাশ নম্বর ও পরীক্ষার সময় হবে নিম্নরূপ :

| ক্রমিক | বিষয় | নম্বর | পাশ নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ১. | বাংলা | ৫০ | বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং গণিত ও মানসিক দক্ষতা প্রতিটি বিষয়ের জন্য পৃথক পৃথকভাবে ২৫% এবং সামগ্রিকভাবে ৪৫%। | ৪ ঘণ্টা |
| ২. | ইংরেজি | ৫০ | | |
| ৩. | সাধারণ জ্ঞান | ৪০ | | |
| ৪. | গণিত ও মানসিক দক্ষতা | ৬০ | | |
| | সর্বমোট | ২০০ | | |

২.২.৬ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এবং মৌখিক পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষার পূর্বে (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার পরে) Applicant's Copy (Online Form) গ্রহণ করা হবে।

২.২.৭ মৌখিক পরীক্ষার নম্বর এবং পাশ নম্বর হবে নিম্নরূপ :

| ক্রমিক | বিষয় | নম্বর | পাশ নম্বর |
|---|---|---|---|
| ১. | ১০ম, ১১তম, ১২তম ও ১৩তম গ্রেড (নন টেকনিক্যাল) | ৫০ | ৫০% |

২.২.৮ প্রার্থীকে লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় পৃথক পৃথকভাবে পাশ করতে হবে। অন্যথায় প্রার্থী সার্বিকভাবে অকৃতকার্য বিবেচিত হবেন।

৩.০ ৯ম এবং ১০ম থেকে ১৩তম গ্রেডের টেকনিক্যাল/প্রফেশনাল ও নন-টেকনিক্যাল পদের লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস ও নম্বর বণ্টন :

৩.১ নন-ক্যাডার ৯ম এবং ১০ম থেকে ১৩তম গ্রেডের টেকনিক্যাল/প্রফেশনাল পদের লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস ও নম্বর বণ্টন :

| ক্রমিক | বিষয় ও সিলেবাস | নম্বর |
|---|---|---|
| ১. | বাংলা<br>পূর্ণমান-৪০ | |
| | ক. রচনা | ১৫ |
| | খ. সারাংশ/সারমর্ম | ০৫ |
| | **গ. পত্র লিখন :** ব্যক্তিগত পত্র, আবেদনপত্র, পত্রিকায় প্রকাশনার্থে পত্র, ব্যবসা সংক্রান্ত পত্র, স্মারকলিপি। | ০৫ |
| | ঘ. বঙ্গানুবাদ | ০৫ |
| | **ঙ. ব্যাকরণ :** ভাষার সংজ্ঞা, ভাষার রূপ, সাধুভাষা ও চলিত রীতির রূপান্তর, দেশি ও বিদেশি শব্দ, ণত্ববিধান ও ষত্ববিধানের সংজ্ঞা ও নিয়মাবলি, দ্বিরুক্ত শব্দ, পদ, ধাতু, উপসর্গ, অনুসর্গ, প্রকৃতি ও প্রত্যয়, যতি বা বিরাম চিহ্ন, শুদ্ধ ও অশুদ্ধ, বাগধারা, বাক্য সংকোচন, প্রতিশব্দ ও সমার্থক শব্দ, প্রায় সমোচ্চারিত শব্দ, একই শব্দের বিভিন্নার্থে প্রয়োগ। | ১০ |

ক্রমশ/৬

| ক্রমিক | বিষয় ও সিলেবাস | নম্বর |
|---|---|---|
| ২. | **ইংরেজি**<br>পূর্ণমান-৪০ | |
| | a. Essay (With hints) | 15 |
| | b. **Letter :** Official/ Demi-Official/ Memorandum/ Business Type. | 05 |
| | c. Comprehension | 10 |
| | d. **Grammar :** Use of verb, Preposition, Voice, Narration, Correction of errors in composition, use of words having similar pronunciation but conveying different meaning, use of idioms and phrases. | 10 |
| ৩. | **সাধারণ জ্ঞান**<br>পূর্ণমান-৪০ | |
| | **ক. বাংলাদেশ বিষয়াবলি :** বাংলাদেশের সংবিধান, বাংলাদেশের ভৌগোলিক অবস্থা, জনসংখ্যা, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার ইতিহাস, শিল্প ও সাহিত্য, প্রাকৃতিক ও খনিজ সম্পদ, জলবায়ু, পরিবেশ, বাংলাদেশের উন্নয়নে কৃষি, শিল্প, বাণিজ্যের অবদান, উন্নয়ন পরিকল্পনা। | ১৫ |
| | **খ. আন্তর্জাতিক বিষয়াবলি :** বাংলাদেশের পররাষ্ট্র নীতি ও আন্তর্জাতিক সম্পর্ক, জাতিসংঘ ও এর অঙ্গসংগঠনসমূহ, আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানসমূহ, গ্লোবালাইজেশন, আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থাসমূহ, বিশ্বের বিখ্যাত ব্যক্তি, প্রতিষ্ঠান বা স্থানসমূহ। | ১৫ |
| | **গ. বিজ্ঞান ও প্রযুক্তি :** দৈনন্দিন বিজ্ঞান, বায়ু, মাটি, তাপ, বিদ্যুৎ, আলো, চুম্বক, খাদ্যের উপাদান, জনস্বাস্থ্য, দূষণ, কম্পিউটার। | ১০ |
| ৪. | **প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়**<br>পূর্ণমান-৮০ | |
| | ক. তাত্ত্বিক বিষয় (Theoretical). | ৩০ |
| | খ. ব্যবহারিক বা প্রায়োগিক বিষয় (Application) | ৫০ |

৩.২ নন ক্যাডার ৯ম এবং ১০ম থেকে ১৩তম গ্রেডের নন টেকনিক্যাল পদের লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস ও নম্বর বন্টন :

| ক্রমিক | বিষয় ও সিলেবাস | নম্বর |
|---|---|---|
| ১. | **বাংলা**<br>পূর্ণমান-৫০ | |
| | ক. রচনা | ১৫ |
| | খ. সারাংশ/সারমর্ম- | ০৫ |
| | গ. পত্র লিখন : ব্যক্তিগত পত্র, আবেদনপত্র, পত্রিকায় প্রকাশনার্থে পত্র, ব্যবসা সংক্রান্ত পত্র, স্মারকলিপি। | ১০ |
| | ঘ. বঙ্গানুবাদ | ০৫ |
| | ঙ. ব্যাকরণ : ভাষার সংজ্ঞা, ভাষার রূপ, সাধুভাষা ও চলিত রীতির রূপান্তর, দেশি ও বিদেশি শব্দ, ণত্ব-বিধান ও ষত্ব-বিধানের সংজ্ঞা ও নিয়মাবলি, দ্বিরুক্ত শব্দ, পদ, ধাতু, উপসর্গ, অনুসর্গ, প্রকৃতি ও প্রত্যয়, যতি বা বিরাম চিহ্ন, শুদ্ধ ও অশুদ্ধ, বাগধারা, বাক্য সংকোচন, প্রতিশব্দ ও সমার্থক শব্দ, প্রায় সমোচ্চারিত শব্দ, একই শব্দের বিভিন্নার্থে প্রয়োগ। | ১৫ |
| ২. | **ইংরেজি**<br>পূর্ণমান-৫০ | |
| | a. Essay (with hints) | 15 |
| | b. **Letter :** Official/ Demi-Official/ Memorandum/ Business Type. | 10 |
| | c. Comprehension | 10 |
| | d. **Grammar :** Use of verb, Preposition, Voice, Narration, Correction of errors in composition, use of words having similar pronunciation but conveying different meaning, use of idioms and phrases. | 15 |

ক্রমশ/৭

| ক্রমিক | বিষয় ও সিলেবাস | নম্বর |
|---|---|---|
| ৩. | **সাধারণ জ্ঞান**<br>পূর্ণমান-৪০ | |
| | **ক. বাংলাদেশ বিষয়াবলি :** বাংলাদেশের সংবিধান, বাংলাদেশের ভৌগোলিক অবস্থা, জনসংখ্যা, মুক্তিযুদ্ধ ও মুক্তিযুদ্ধের ইতিহাস, শিল্প ও সাহিত্য, প্রাকৃতিক ও খনিজ সম্পদ, জলবায়ু, পরিবেশ, বাংলাদেশের উন্নয়নে কৃষি, শিল্প, বাণিজ্যের অবদান, উন্নয়ন পরিকল্পনা। | ১৫ |
| | **খ. আন্তর্জাতিক বিষয়াবলি :** বাংলাদেশের পররাষ্ট্র নীতি ও আন্তর্জাতিক সম্পর্ক, জাতিসংঘ ও এর অঙ্গ সংগঠনসমূহ, আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠানসমূহ, গ্লোবালাইজেশন, আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থাসমূহ, বিশ্বের বিখ্যাত ব্যক্তি, প্রতিষ্ঠান বা স্থানসমূহ। | ১৫ |
| | **গ. বিজ্ঞান ও প্রযুক্তি :** দৈনন্দিন বিজ্ঞান, বায়ু, মাটি, তাপ, বিদ্যুৎ, আলো, চুম্বক, খাদ্যের উপাদান, জনস্বাস্থ্য, দূষণ, কম্পিউটার। | ১০ |
| ৪. | **গণিত ও মানসিক দক্ষতা**<br>পূর্ণমান-৬০ | |
| | ১) **পাটিগণিত :** সেট ও সংখ্যা, সরল, গড়, লাভ-ক্ষতি, শতকরা, সুদকষা, ক্ষেত্রফল, অনুপাত, সমানুপাত। | ১৫ |
| | ২) **বীজগণিত :** বর্গ ও ঘন এর সূত্র এবং এর ব্যবহার, ল.সা. গু, গ. সা. গু, উৎপাদকে বিশ্লেষণ, সমাধান, মান নির্ণয় ইত্যাদি। | ১৫ |
| | ৩) **জ্যামিতি :** প্রাথমিক ধারণা ও সংজ্ঞা, রেখা, বিন্দু, কোণ, ত্রিভুজ, চতুর্ভুজ সম্পর্কীয়, বিষয়াদি; ক্ষেত্রফল ও বৃত্ত সম্পর্কীয় বিষয়াদি, ত্রিকোণমিতি ইত্যাদি। | ১০ |
| | ৪) **মানসিক দক্ষতা :** Ability to understand language, decision making ability, ability to measure spatial relationship and direction, problem solving ability, perceptual ability etc. | ২০ |

৪.০ যে সকল পদে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালায় সুনির্দিষ্ট পরীক্ষা পদ্ধতির উল্লেখ রয়েছে সে সকল পদের ক্ষেত্রে উক্ত পরীক্ষা পদ্ধতি অনুসরণপূর্বক নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে। তবে প্রার্থীর সংখ্যা ১০০১ বা তার অধিক সংখ্যক হলে অনলাইনে রেজিস্ট্রেশনের পর টেকনিক্যাল/প্রফেশনাল পদের জন্য অনুচ্ছেদ ১.১.২ এবং ১.২.২ অনুযায়ী এবং নন-টেকনিক্যাল পদের জন্য অনুচ্ছেদ ২.১.২ এবং ২.২.২ অনুযায়ী বাছাই (MCQ) পরীক্ষা গ্রহণ করা হবে।

৪.১ প্রার্থী ও পদের সংখ্যা নির্বিশেষে এবং জরুরি প্রয়োজনে কমিশন তাৎক্ষণিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক পুনর্নির্ধারিত পদ্ধতিতে নিয়োগ পরীক্ষা সম্পন্ন করতে পারবে।

৪.২ উচ্চতর বেতন স্কেলের পদে সরাসরি পন্থায় প্রার্থী নিয়োগের ক্ষেত্রে ইতিপূর্বে জারীকৃত ১৭/০৩/২০০৯ খ্রি: তারিখের বাসককস/ প্রঃশাঃ(নন-ক্যাডার)/৩/২০০৭/১১(৫০) নম্বর অফিস আদেশ অপরিবর্তিত থাকবে।

৪.৩ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের ৮ম ও তদূর্ধ্ব গ্রেডের পদে নিয়োগের বাছাই প্রক্রিয়ার লিখিত পরীক্ষা গ্রহণ ও মৌখিক পরীক্ষার মূল্যায়ন মান (নম্বর) নির্ধারণের জন্য বিগত ১৯ জ্যেষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ/০২ জুন ২০২২ খ্রি: তারিখের ৮০.০০.০০০০.৪০১.৩৫.০১৭.২১-৪৫৮ নম্বর অফিস আদেশ প্রযোজ্য হবে/অপরিবর্তিত থাকবে।

৪.৪ টেকনিক্যাল/প্রফেশনাল পদের ব্যাখ্যা :

৪.৪.১ কোনো পদের অনুমোদিত নিয়োগবিধিতে পদের শিক্ষাগত যোগ্যতার শর্তে নির্দিষ্ট বিষয়ে ডিগ্রির উল্লেখ থাকলে সে সকল পদ টেকনিক্যাল/প্রফেশনাল পদ হিসেবে গণ্য হবে।

৪.৪.২ তাছাড়া, জনপ্রশাসন মন্ত্রণালয়ের (তৎকালীন সংস্থাপন মন্ত্রণালয়) ১৮ চৈত্র ১৪০৭/০১.০৪.২০০১ তারিখের সম (এসপি)/৮৬/ ২০০০-১২৫ নম্বর অফিস আদেশে উল্লিখিত বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তরের পদসমূহ টেকনিক্যাল/প্রফেশনাল পদ হিসেবে গণ্য হবে।

৫.০ এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে। এ নীতিমালা কার্যকর হওয়ার তারিখ হতে কমিশন সচিবালয়ের ১লা এপ্রিল ২০১৯ সালের ৮০.০০.০০০০.৪০৬.১৮.০০৫.১৫.৩৭ (১৫০) নম্বর অফিস আদেশ বাতিল বলে গণ্য হবে। **তবে পূর্বের নীতিমালা অনুসরণে যে সকল বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদসমূহের বাছাই (MCQ) পরীক্ষা, লিখিত পরীক্ষা, পরীক্ষার বিষয়সমূহ, নম্বর, সময় ও পাশ নম্বর উল্লেখ করা হয়েছে সে সকল পদে পরীক্ষা গ্রহণ এবং ফলাফল প্রক্রিয়ায়ণ সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী সম্পন্ন করতে হবে।**

স্বাক্ষরিত/-
মোঃ হাসানুজ্জামান কল্লোল
সচিব

ক্রমশ/৮

নথি নম্বর : ৮০.০০.০০০০.৪০১.৩৫.০৪৬.১৭-৪২

তারিখ : ২৬ পৌষ ১৪৩০
১০ জানুয়ারি ২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. বিজ্ঞ সদস্য (সকল), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, ঢাকা।

২. যুগ্মসচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।

৩. পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার/নন-ক্যাডার)/আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।

৪. চেয়ারম্যানের একান্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান এঁর সদয় অবগতির জন্য)।

৫. উপসচিব (প্রশাসন/অর্থ ও সেবা/বাজেট)/পরিচালক (সকল)/সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।

৬. সচিবের একান্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭. উপপরিচালক (সকল), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।

৮. সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।

৯. সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

শবনম
১৫।১।২৪
জামিলা শবনম
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)